I 76 1129 500Rs.




থানা:-সোনারপুর, মৌজা:-রাজপুর,

৫,০০০, টাকা মূল্যের বিক্রয় কোবালা,

জমি:- ০-৳-৭০ক ।

কোবালা গ্রহীতা:-

শ্রী রতন চট্টোপাধ্যায়, পিতা:-ঁললিত মোহন চট্টোপাধ্যায়,

জাতি:-হিন্দু, পেশা:-চাকুরি, সাং-রাজপুর, থানাঃ-সোনারপুর,

জেলা:-দক্ষিন ২৪-পরগনা

-:::::::::::::::::::-

কোবালা দাতা:-

শ্রী কালি মোহন চট্টোপাধ্যায়, পিতা:-ঁললিত মোহন চট্টোপাধ্যায়,

জাতি:-হিন্দু, পেশা:-অবসরপ্রাপ্ত, সাং-রাজপুর, থানা:-সোনারপুর,

জেলা:-দক্ষিন ২৪-পরগনা

********************

৫ পুত্র ও এক স্ত্রীকে ওয়ারিশ বিদ্যমান রাখিয়া দেহত্যাগ করেন । অত:পর

নং ৭৪৮ তারিখ ১৪/২/৯০

শ্রী অরুণ চট্টোপাধ্যায়

সাং

কৃষ্ণনগর

বিক্রেতা

D/S
Fab

21-2-90

Execution



1360


শ্রী অরুণ চট্টোপাধ্যায়

21-2-90

কায় রায়ত স্থিতিবান স্বত্বীয় স্বত্বের খেরাজি বাস্তু কমবেশ ৩-১/৬-শতক জমি ওমা যাবৃ সমুদয় হজমেন্ট স্বত্বাদি সহ অত্র নি:স্বত্ব সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যাঞ্চাগে:-

জেলা দক্ষিন ২৪-পরগনা, থানা ও এ্যা:ডি: সাবরেজিস্ট্রী অফিস সোনারপুর, পরগনা মেদনমল্ল, মৌজা রাজপুর গ্রামের জে:এল: নং-৫৫, অত্র জেলা কালেক্টারির মহাল ১১৯ নং তৌজি ভুক্ত বিগত জেলা জরিপের ও হাল রিভিসন্যাল জরিপের ১০৩৩ নং খতিয়ান ভুক্ত অত্র জমায় মোট ১৯ শতক জমির কাত বার্ষিক ৩ টাকা জমার মধ্যে বিগত জেলা জরিপের ও হাল রিভিসন্যাল জরিপে ৮০৮ নং দাগে বাস্তু ১৯ শতক জমির মধ্যে আমার ওয়ারিশান সুত্রে প্রাপ্ত যাহা অত্র সহ নকসায় লাল রং দ্বারা সীমা রেখা চিহ্নিত ও পরিবেষ্টিত ৩-১/৬- তিন পূর্ন একের ছয় শতক জমি অত্র দলিলের বিক্রীত সম্পত্তি হইতেছে ৷৷-

উক্ত সম্পত্তি বিগত জেলা জরিপের সূত্রে শশীভূষন পাত্র মহাশয় স্বত্বাধিকারী থাকে তাহার দেহান্তে তাহার একমাত্র পুত্র পঞ্চানন পাত্র ওরফে শিবু পাত্র ওয়ারিশ বিদ্যমান হয়। এবং উক্ত শিবু পাত্র ভোগ দখলিকার অবস্থায় তাহার পত্নি শ্রীমতী শিবদাসী ও নাবালিকা কন্যা জুথি ওরফে লক্ষ্মি জনার্দ্দন দাসীকে ওয়ারিশ বর্ত্তমান রাখিয়া বাংলা ১৩৫৩ সালে পরলোক গমন করেন। অত:পর উক্ত শিব দাসীকে নিরপত্তার অভাবে তাহার পৃত্তিগৃহ বিজয় কৃষ্ণ বসু মহাশয়ের বাসভবনে অর্থাৎ ১৬বি গরচা সেকেন্ড লেন, বালিগঞ্জ এই ঠিকানায় বসবাস করা থাকা অবস্থায় নাবালিকা কন্যার ভরন পোষের জন্য ও অন্যত্র জমি খরিদার জন্য উক্ত সম্পত্তি ললিত মোহন চট্টোপাধ্যায় মহাশয়কে বিক্রয় করেন অত:পর উক্ত ললিত মোহন চট্টোপাধ্যায় ভোগ দখলিকার থাকা অবস্থায় অত্র দাতা ও গৃহীতা সহ মোট ৫ পুত্র ও এক স্ত্রীকে ওয়ারিশ বিদ্যমান রাখিয়া দেহত্যাগ করেন। অত:পর



তাঁহার দেহান্তে বিগত ইং ২৫।১১।৬১ সাল তারিখে আমরা অত্র দাতা গ্রহীতা এই জের শরিকগন বিভাগ বন্টন করিয়া লইয়া নিজ নিজ চিহ্নিত অংশের সম্পত্তিতে ভোগবান ও দখলিকার আছি ও হইতেছি। উহাতে আমার বিক্রয় যোগ্য উত্তম স্বত্ব বিদ্যমান আছে ॥-

এক্ষনে ন্যায় সঙ্গত ও বৈধ কারনে নগদ টাকার বিশেষ আবশ্যক হওয়ায় নিম্ন তপশীল বর্নিত সম্পত্তি বিক্রয়ের জন্য প্রস্তাব ও প্রচার করিলে অত্র গ্রহীতা আমার প্রস্তাবে সম্মত হইয়া বর্ত্তমান দেশাচার বাজারের উচিত মূল্য বেলমোক্তা ৫,০০০্ মং পাঁচ হাজার টাকা নিম্ন জায় মোতাবেক আমাকে আদায় দিলে উক্ত অর্থ প্রাপ্ত হইয়া প্রাপ্তি স্বীকারে অত্র বিক্রয় কোবালা সম্পাদন করিয়া দিয়া বিক্রীত সম্পত্তির স্বত্ব হইতে চির নিঃস্বত্ব ও দখলিচ্যুত হইলাম ॥-

এক্ষনে আপনি উমার বর্ত্তমান মালিক সরকারে নিজ নাম পত্তন পূর্ব্বক বার্ষ্য রাজস্বাদি আদায় দানে, দান, বিক্রয় বিলি বন্দোবস্ত হস্তান্তর রূপান্তর গৃহাদি নির্ম্মান ইমারতাদি গঠন প্রভৃতি কার্য্যের দ্বারা পুত্র, পৌত্রাদি মায় ওয়ারিশান গনক্রমে ভোগ দখল করিতে থাকুন, তাহাতে কালে কস্মিনে আমি মায় ওয়ারিশান গনক্রমে কেহ কোন দিন কোন রকম ওজর আপত্তি দাবি দাওয়া করিতে পারিব না বা পারিব না করিলেও তাহা সর্ব্বত্র ও সকল আদালতে অগ্রাহ্য ও নামঞ্জুর হইবেক। বিক্রীত সম্পত্তি সম্পূর্ন নিদর্দায় নির্দ্দোষ অবস্থায় অত্র দলিল মূলে আপনাকে বিক্রয় করিয়া ও খোলসা খাস দখল দিয়া অদ্যই চির নিঃস্বত্ববান ও দখলিচ্যুত হইলাম।

264



উপরোক্ত আমার উক্তি গুলির মধ্যে কোন একটি উক্তি মিথ্যা বা তঞ্চকতা প্রকাশিত হইয়া আপনার খরিদা স্বত্ব দখলের কোন বিঘ্ন বা ক্ষতি হইলে উক্ত ক্ষতি খেসারতের অর্থ সহ পনের সমুদয় টাকা এক কালিন ফেরত দিতে বাধ্য থাকিলাম ।।- অত্র দলিলের কোন অংশে কোন ভুল ভ্রান্তি বা ত্রুটি বিচ্যুতির জন্য যদি অত্র দলিলের বনিয়াদে নূতন কোন সংশোধন দলিলের আবশ্যক হয় তাহা হইলে বিনা পোন গ্রহনে আপনার তলব মত উক্ত ভুল সংশোধন দলিল রেজিস্ট্রী করিয়া দিতে বাধ্য থাকিলাম ।।-

এতদর্থে স্বেচ্ছায় সুস্থ শরিরে স্থির ভাব বুদ্ধিতে থাকিয়া মূল্যের সম্পূর্ন টাকা বুঝিয়া পাইয়া অত্র সাফ্ বিক্রয় কোবালা সহি সম্পাদন করিলাম ।।-

ইতি তারিখ:- বাংলা ১৩৯৬ সনের - ৮ই ফাল্গুন

ইংরাজী ১৯৯০ সালের - ২১শে ফেব্রুয়ারী ।

-:: তপশীলে বিক্রীত সম্পত্তির পরিচয় :: -

*********************************

জেলা দক্ষিন ২৪-পরগনা , থানা ও এ্যা: ডি: সাবরেজিস্ট্রী অফিস সোনারপুর, পরগনা মেদনমল্ল, মৌজা রাজপুর গ্রামে জে: এল: নং-৫৫ , রে: সা: নং-১০৯ অত্র জেলা কালেক্টারির সেহাল ২৬১ নং তৌজি ভুক্ত বিগত জেলা জরিপের ও হাল রিভিসন্যাল জরিপের ১০৩৩ এক হাজার তেত্রিশ নং খতিয়ান ভুক্ত এক জমায় ১৯ শতক জমির কাত বার্ষিক ৩্ টাকা জমার মধ্যে বিগত জেলা জরিপের ও হাল রিভিসন্যাল জরিপে ৮০৮ আট শত আট নং দাগে বাস্তু ১৯ শতক জমির মধ্যে আমার অংশ মোতাবেক প্রাপ্ত যাহা অত্র সহ নকসায় লাল রং দ্বারা সীমা রেখা চিহ্নিত ও পরিবেষ্টিত ৩-৬- তিন পূর্ন একের ছয় শতক জমি মায় তদুপরিস্থিত গৃহাদি ও আকর আওলাতাদি সহ অত্র দলিলের বিক্রীত সম্পত্তি হইতেছে । উক্ত সম্পত্তির বার্ষিক হারাহারি খাজনা ৫২ পয়সা জমার বর্ত্তমান মালিক পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে

-:: ৫ :: -

জেলা কালেকটার বাহাদুর অধিন সন সন আদায় দিতে হয়।

| হাল খং নং:- | হাল দাগ নং:- | রকম | পরিমান:- |
| --- | --- | --- | --- |
| ১০৩৩ এক হাজার তেত্রিশ | ৮০৮ আট শত আট | বাস্তু | ৩-১/২-শতক মায় গৃহাদি সহ |

চৌহদ্দী:- (মোট সম্পত্তি)

উত্তর:- অপর দাগের জমি , দক্ষিন:-ঈশান মিত্র লেন ,

পূর্ব্ব:- ৫' প্রশস্থ কমন প্যাসেজ , পশ্চিম:- অপর দাগের জমি

টাকার রসিদ:-

অদ্য তারিখে নোটে নগদে প্রাপ্ত ৫,০০০, টাকা ,

মং-পাঁচ হাজার টাকা মাত্র

-:: মুসাবিদা কারক :: -

লাইসেন্স প্রাপ্ত দলিল লেখক

শ্রী গগন চ্যাটার্জ্জী, লাইসেন্স নং-৩১।১।৯

সোনারপুর-এ্যা: ডি: সাবরেজিষ্ট্রী অফিস ।

-:: ইসাদি :: -

-:: টাইপ কারক :: -

শ্রী দিলীপ রায় ,

সোনারপুর-এ্যা: ডি: সাবরেজিষ্ট্রী অফিস ।

21-2-90